



ভোবের কাগজ

তারিখ ০২ ০৮ ১৯৩৩

পৃষ্ঠা ৩২

শাস্তিমূলক ব্যবস্থার প্রতিবাদে চ. বি. ডে ছাত্রলীগ ও শিবিরের বিক্ষোভ সমাবেশ

চট্টগ্রাম অফিস : চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
সিন্ডিকেট কর্তৃক কয়েকজন ছাত্রলীগ ও
শিবির কর্মীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা
নেওয়ার প্রতিবাদে গতকাল ছাত্রলীগ ও
ছাত্রশিবির পৃথক পৃথক বিক্ষোভ সমাবেশ
করেছে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে। উভয় ছাত্র
সংগঠনই সিন্ডিকেটের সিদ্ধান্তকে
পক্ষপাতদুষ্ট হিসেবে আখ্যায়িত করে তা
প্রত্যাহারের দাবি জানিয়েছে।

বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের পাঁচ নেতার
বিরুদ্ধে বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবিতে
ক্যাম্পাসে ছাত্রলীগ প্রতিবাদ সমাবেশ ও
বিক্ষোভ সমাবেশ করেছে। ছাত্রলীগ নেতা
মোহাম্মদ কলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত
সমাবেশে বক্তারা অভিযোগ করেন যে,
চারটি হত্যাকাণ্ডের আসামি শিবিরের চিহ্নিত
সন্ত্রাসীদেরকে সুকৌশলে আড়াল করে
নামমাত্র ২ জন শিবির কর্মীকে বহিষ্কার
করেছে কর্তৃপক্ষ। পক্ষান্তরে ছাত্রলীগের পাঁচ
নেতাকে তারা নিরাপরাধ ও ত্যাগী হিসেবে
আখ্যায়িত করে তাদের বহিষ্কারাদেশ
প্রত্যাহারের দাবি জানান।

অপরদিকে শিবিরের তিন নেতাকে
সুনির্দিষ্ট অভিযোগে বহিষ্কার ও ভর্তি
বাড়িলের প্রতিবাদে শিবির গতকাল
ক্যাম্পাসে বিক্ষোভ সমাবেশ ও ভিসি অফিস
ঘেরাও করে।